

নং ৪৫.১৪৩.০১১.০০.০০.০০১.২০১৪-৪২৮

তারিখঃ ২৭.০৭.২০১৪ খ্রিঃ


বিষয়ঃ সংশোধিত নীতিমালা গেজেট আকারে প্রকাশ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৭/০২/২০০৮ তারিখের পার-৩/নীতিমালা-০১/২০০৮/১১৬৩ নং গেজেটে প্রকাশিত স্বাস্থ্য সার্ভিসে কর্মরত কর্মকর্তাদের বদলি/পদায়ন নীতিমালা, ২০০৮ প্রজ্ঞাপনটির শুধুমাত্র ১ নং ক্রমিকের “নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের পদায়ন” সম্পর্কিত নীতিমালার অংশটির পরিবর্তে নিম্নোক্ত সংশোধিত নীতিমালা, ২০১৪ প্রতিস্থাপন করা হলঃ

সংশোধিত নীতিমালা, ২০১৪

- ১.০ নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের পদায়নঃ
- ১.১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের উপজেলা বা তদনিয় পর্যায়ের সমমানের শূন্য পদে পদায়ন করবে। পরবর্তীতে সংশ্লিষ্ট চিকিৎসকদের বদলি/পদায়ন স্বাস্থ্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কর্তৃক সম্পাদিত হবে।
- ১.২ চিকিৎসকদের মেধানুসারে তুলনামূলকভাবে সুবিধাজনক স্থানে পদায়ন করার বিষয় অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- ১.৩ নব নিয়োগের ক্ষেত্রে শূন্য পদ পূরণের জন্য প্রথমে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল ও প্রত্যন্ত অঞ্চলে পদায়নের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। (পার্বত্য জেলাসমূহ ব্যতিত দুর্গম উপজেলাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নং-মপবি/মাপ্রস/২(১৪৩)/২০০২-২০০৪-৪৯, তারিখঃ ১৯.০৪.২০০৪ এ বর্ণিত তালিকা অনুযায়ী নির্ধারিত)।
- ১.৪ পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দুর্গম উপজেলা বা তদনিয় পর্যায়ে পদায়নকৃত চিকিৎসকগণকে ১(এক) বছর দায়িত্বকাল অতিক্রম হবার দিন হতে আবশ্যিকভাবে উক্ত কর্মস্থল হতে প্রত্যাহারপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) তার দপ্তরে ন্যস্ত করবেন।
- ১.৫ পরিচালক (স্বাস্থ্য) অনুচ্ছেদ ১.৪ এ বর্ণিত প্রত্যাহারকৃত চিকিৎসকদের অপেক্ষাকৃত সুবিধাজনক স্থানে পদায়ন করবেন। একই সাথে কোন চিকিৎসক প্রত্যাহৃত হবার ১৫ দিন পূর্বে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দুর্গম উপজেলা পর্যায়ে অন্য চিকিৎসকদের পদায়ন নিশ্চিত করবেন।
- ১.৬ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নির্দিষ্ট পদে পদায়ন করার পর স্বাস্থ্য অধিদপ্তর নব নিয়োগকৃত চিকিৎসকদের ৫(পাঁচ) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণের আয়োজন করবে। এই সময়কালে নব নিয়োগকৃত চিকিৎসকগণ দুই সপ্তাহ জেলা সদর হাসপাতালে, এক সপ্তাহ সিভিল সার্জন কার্যালয়ে, এক সপ্তাহ উপজেলা হেলথ কমপ্লেক্সে অফিস ব্যবস্থাপনা, হাসপাতাল ব্যবস্থাপনা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং পুষ্টি বিষয়ক কর্মসূচী বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবে। নবনিয়োগকৃত চিকিৎসকগণের সংগে ৩(তিন) দিন বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য) এর দপ্তরে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ, ৩(তিন) দিন জেলা পর্যায়ের কর্মকর্তাগণ মত বিনিময় করবেন। বিভাগীয় পর্যায়ে এক দিন শুধুমাত্র আইসিটি, এমআইএস, টেলিমেডিসিন ও অটিজম বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ২.০ নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের বদলি / উচ্চতর ডিগ্রীঃ
- ২.১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিন্ম পর্যায়ে ০২ (দুই) বছর চাকরি পর পদ শূন্যতার ভিত্তিতে জেলা হাসপাতালে চিকিৎসকগণ পদায়নের সুযোগ পাবেন। নতুন নিয়োগপ্রাপ্ত দত্ত চিকিৎসকদের প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পদায়ন করা হবে। দুই বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়ন থাকার পর মেধা ও যোগ্যতার ভিত্তিতে দত্ত চিকিৎসকগণকে জেলা পর্যায়ের হাসপাতালে পদায়ন করা যেতে পারে।
- ২.২ উপজেলা বা তদনিন্ম পর্যায়ে ০২(দুই) বছর চাকরি করার পর নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণ এমডি/এমএস/এফসিপিএস/এমপিএইচ /ডিপ্লোমা বা সমমানের উচ্চতর কোর্স করার সুযোগ পাবেন এবং পদ শূন্যতার ভিত্তিতে তাদেরকে জেলা হাসপাতালে পদায়ন করা যেতে পারে।
- ২.৩ শুধুমাত্র এনাটমী, ফিজিওলজী, ফার্মাকোলজী, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথলজি, কমিউনিটি মেডিসিন ও ফরেনসিক মেডিসিন বিষয়ে এমএস/এমফিল/সমমানের ডিগ্রীধারী নব নিযুক্ত চিকিৎসকদের মেডিকেল কলেজে পদায়ন করা যাবে। তবে এ বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ এ সুযোগের আওতায় আসবেন না। নিজস্ব বিষয়ে পদ খালি না থাকলে অন্য বিষয়ের পদের বিপরীতে এ ধরনের পদায়ন করা যাবে না। নতুন মেডিকেল কলেজের পদ সৃজনের পূর্ব পর্যন্ত ওএসডি হিসেবে সংযুক্তি প্রদান করা যাবে।
- ২.৪ এ্যানেসথেসিয়া বিষয়ে এমডি/এফসিপিএস/ডিএ/সমমানের ডিগ্রি অথবা ন্যূনতম এক বছরের প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসকগণকে উপজেলা পর্যায়ের নিম্নে পদায়ন করা যাবে না। প্রয়োজনে তাদেরকে জেলা সদর/মেডিকেল কলেজে পদায়ন করতে হবে।
- ২.৫ স্বামী-স্ত্রী সরকারী চাকুরিজীবী হলে বিধি মোতাবেক একই কর্মস্থলে পদায়নের বিষয় বিবেচনা করা হবে। তবে এক্ষেত্রে অনুচ্ছেদ ২.১ এর বিধান অনুসরণ করতে হবে।
- ২.৫ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ জুলাই ২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৩.০১০.১৩-৯০ ও ৯১ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (ঝ) ও (ট) এ বর্ণিত বিধানাবলী বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরে সম্পন্ন করা হবে।


২৭.৭.১৪
(এম. এম নিয়াজউদ্দিন)
সচিব


নং ৪৫.১৪৩.০১১.০০.০০.০০১.২০১৪-৪২৮

তারিখঃ ২৭.০৭.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন / উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/ জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং/পরিবার কল্যাণ ও কার্যক্রম /আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ পার/চিশি/প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্ম-প্রধান (এইচআরএম), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

- ৮। উপসচিব (পার-১/ পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর।
- ১২। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সহকারী সচিব, (চিশি-১/চিশি-২/প্রশাসন-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৭। গার্ড ফাইল।


(এ, কে, এম মুখলেছুর রহমান)
উপসচিব